

স্বাগত

২৬/০৭/২০২০ খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর

উপ-পরিচালকের কার্যালয়

সীম্যান্স হোস্টেল, চট্টগ্রাম

বিজ্ঞপ্তি

নৌ-বাণিজ্য জাহাজের যে সকল নাবিকদের কমপক্ষে ২৪ (চব্বিশ) মাস অনুমোদিত ভয়েজ ডিউসিতে অস্তর্ভুক্ত আছে তাদের এবং মৃত, অক্ষম ও অবশরপ্রাপ্ত নাবিক সন্তান-সহচরিত যারা স্কুল কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ৮ম শ্রেণী থেকে উচ্চতর (অনার্স/ডিগ্রী, মাস্টার্স, ইঞ্জিনিয়ারিং, মেডিকেল ইত্যাদি) শ্রেণীতে অধ্যয়নরত আছেন তাদের নিকট থেকে "সীম্যান্স এডুকেশন স্ট্রাস্টি ফান্ড" এর আওতায় ২০২০-২১ অর্থবর্ষে এককালীন শিক্ষা অনুদান প্রদানকল্পে অনলাইনে দরখাস্ত আবেদন করা যাচ্ছে।

এক (০১) জন নাবিকের একজন সন্তান আবেদন করতে পারবেন। আবেদনকারীদের মধ্যে ছাত্রদের ক্ষেত্রে বিগত বার্ষিক/পার্বসিক পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম এবং ছাত্রীদের ক্ষেত্রে জিপিএ ২.৫০ এর কম গ্রেড প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নাই। ২০২০ খ্রিঃ তে এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষায় অংশগ্রহণকারীণ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়সীমার মধ্যে (৬০ দিন) পরীক্ষার ফলাফল প্রকাশ পরবর্তী উচ্চতর শ্রেণীতে ভর্তি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্রসহ আবেদন করতে পারবেন। এছাড়াও অন্য কোন সরকারী, বেসরকারী প্রতিষ্ঠান হতে আর্থিক সাহায্যপ্রাপ্ত ছাত্র-ছাত্রী আবেদন করতে পারবেন না। দরখাস্ত নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর-এর ওয়েবসাইট www.dsw.gov.bd-তে শিক্ষা বৃত্তির আবেদনে প্রবেশ করে আবেদন এর সকল শর্ত পূরণ করে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ৬০ (ষাট) দিনের মধ্যে আবেদন করতে হবে। বিস্তারিত তথ্যের জন্য ০৩১-৭২৪৮৫৪, ০৩১-৭৪০৮৫৩ ও ০৩১-৭২৩৪৫৮ ফোন নম্বরে শিক্ষার্থী ও অভিভাবকগণ যোগাযোগ করতে পারেন।

(জসিম উদ্দিন পাটোয়ারী)

সচিব

সীম্যান্স এডুকেশন ট্রাস্ট

ও

উপ-পরিচালক

ডিজি-১৪৩১/২০ (৩*৩০)